3 0 SEP 1995

দৈনিক ইত্তেফাক

তারিখ 30 SEP 1995
পৃষ্ঠা ১ কলাম ৪

55

# যশোর বোর্ডের ২ শত হাইস্কুলে কলেজ চালু

বরিশাল অফিস ॥ যশোর বোর্ডের অধীন ২০০টি বেসরকারী হাইস্কুলে এ বছর ইন্টারমিডিয়েট ক্লাস চালু হইতেছে। ঐ সকল স্কুলে শিক্ষক নিয়োগ ও ছাত্র ভর্তির আয়োজন চলিতেছে। দেশের কলেজসমূহে ইন্টারমিডিয়েট সেকশনে আসনের চাইতে এসএসসি পাস করা ছাত্র-ছাত্রীর সংখ্যা অনেক বেশী হওয়ায় সরকার স্কুলগুলিতে ঐ সেকশন চালুর অনুমতি দেন। শিক্ষা অধিদপ্তরের এ ব্যাপারে প্রবর্তিত নীতিমালা পূরণে সক্ষম বিদ্যালয়গুলিতে একাদশ শ্রেণীতে ভর্তির অনুমতি দেওয়া হইয়াছে। শিক্ষা বোর্ড তদন্ত শেষে ঐ বিদ্যালয়গুলিকে অনুমোদন দান করিবে। বোর্ডের কলেজ পরিদর্শক জানান, ক্লাশ চালুর পর তাহারা বিদ্যালয়গুলি সরেজমিনে পরিদর্শন করিবেন।